



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ১৫.১১.২০২৩

### প্রেস রিলিজ

#### পাবিপ্রবি শিক্ষার্থীদের শিক্ষা সমাপনী অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ১০ম ব্যাচের (২০১৭-১৮ শিক্ষাবর্ষ) শিক্ষার্থীদের সম্মিলিতভাবে শিক্ষা সমাপনী আজ বুধবার আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। সকালে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন-এর নেতৃত্বে শিক্ষার্থীদের নিয়ে এক আনন্দ র্যালি প্রশাসন ভবন থেকে বের হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

র্যালিতে সকল বিভাগের শিক্ষার্থী, প্রক্টর ড. মো. কামাল হোসেনসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা অংশগ্রহণ করেন। র্যালি শেষে স্বাধীনতা চত্বরে শিক্ষার্থীদের নিয়ে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন কেক কাটেন। এরপর বিশ্ববিদ্যালয় খেলার মাঠে কালার ফেস্ট ও ফ্ল্যাশমবের আয়োজন করা হয়। এছাড়াও অন্যান্য আয়োজনের মধ্যে বিকালে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের সাংস্কৃতিক অনুষ্ঠান এবং রাতে বিশেষ চমক হিসেবে থাকবে লালন ব্যান্ডের পরিবেশনা।

(মো.বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়